“তোমরা তাঁকে তিনবার, পাঁচবার অথবা প্রয়োজন মনে করলে তার চেয়ে অধিকবার বরই পাতাসহ পানি দ্বারা গোসল দাও। শেষবারে কর্পুর (অথবা তিনি বলেন) ‘কিছু কর্পূর’ ব্যবহার করবে। গোসল শেষ করে আমাকে জানাবে”

উম্মু আতিয়্যাহ্ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কন্যাগণের একজনের ইন্তিকাল হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে গেলেন এবং বললেনঃ “তোমরা তাঁকে তিনবার, পাঁচবার অথবা প্রয়োজন মনে করলে তার চেয়ে অধিকবার বরই পাতাসহ পানি দ্বারা গোসল দাও। শেষবারে কর্পুর (অথবা তিনি বলেন)
‘কিছু কর্পূর’ ব্যবহার করবে। গোসল শেষ করে আমাকে জানাবে”। উম্মু আতিয়্যাহ্ বলেন,
আমরা শেষ করে তাঁকে জানালাম। তখন তিনি তাঁর চাদর আমাদের দিকে এগিয়ে দিয়ে বললেনঃ “এটি তাঁর ভিতরের কাপড় হিসেবে পরাও”। উম্মু আতিয়্যাহ্ বলেন, আমরা তাঁর মাথার চুলে তিনটি গোছা (বেনী) বানিয়ে দিলাম। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মেয়ে জয়নব মারা যান, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদল নারীর কাছে প্রবেশ করলেন, যারা ইতোমধ্যেই তার মেয়েকে গোসল দিবেন। তিনি তাদের বললেন: তোমরা তাকে বরই পাতার পানি দিয়ে বেজোড় সংখ্যায় তিনবার, অথবা পাঁচবার বা এটার চেয়ে আরও বেশিবার ধৌত কর, যদি প্রয়োজন হয় এবং শেষ ধোয়ায় কিছু কাফূর রাখো, যখন তোমরা কাজ শেষ করবে, আমাকে জানাবে। যখন তারা তার গোসল দেওয়া শেষ করল, তখন আমরা তাকে সংবাদ দিলাম। তিনি গোসল দানকারী নারীদের তাঁর পরিধেয় দিলেন এবং বললেন: তোমরা এটি দিয়ে তাকে মোড়িয়ে দাও এবং এটিই সেই কাপড় হউক যা তার দেহের সাথে লেগে থাকবে, তারপর তার চুল তিনটি বেনি করা হলো।

http://sunnah.global/hadeeth/bn/show/1751